

প্রেস বিজ্ঞপ্তি

ইন্ডিয়ান ইউজিসি'র আমন্ত্রণে আন্তর্জাতিক সম্মেলনের কীনোট স্পিকার হলেন
জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক

গত ১৫-১৬ ফেব্রুয়ারী ২০১৭ তারিখ ভারতের আলীগড় মুসলিম বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত “নলেজ জেনারেশন, ডিসকভারী ও নেটওয়ার্কিং(কেজিডেন) ২০১৭” শীর্ষক আন্তর্জাতিক সম্মেলনে ইন্ডিয়ান ইউজিসি'র আমন্ত্রণে ডেলিগেট হিসেবে যোগ দেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড. মোঃ নাসির উদ্দীন। নলেজ ম্যানেজমেন্টের ওপর অনুষ্ঠিত এ সম্মেলনে তিনি কীনোট স্পিকার ছাড়াও একাধিক সেশনের সভাপতি ও প্যানেলিষ্ট হিসেবে দায়িত্ব পালন করেন। তাছাড়া “লাইব্রেরিস ফর টোকাই ইন ঢাকা সিটি: এক্সপেরিয়াস শেয়ারিং অব এ সাকসেসফুল প্রজেক্ট” শিরোনামের তিনি একটি গবেষণা প্রবন্ধ উপস্থাপন করেন যা উপস্থিত দেশী বিদেশী রিসোর্স পার্সনদের নিকট বিশেষভাবে সমাদৃত হয়।

ইন্ডিয়ান কাউন্সিল অব সোস্যাল সায়েন্স রিসার্চ (আইসিএসএসআর) এর আর্থিক সহায়তায় আলীগড় মুসলিম ইউনিভার্সিটি এই সম্মেলনের আয়োজন করে। দক্ষিণ-পূর্ব এশিয়ার অধিকাংশ দেশ ছাড়াও ইউরোপ ও আমেরিকার প্রায় শতাধিক খ্যাতিমান তথ্যবিজ্ঞানীগণ এ সম্মেলনে অংশগ্রহণ করেন। দুইদিন ব্যাপী এই সম্মেলনে নির্বাচিত মোট ২৬টি গবেষণা প্রবন্ধ উপস্থাপিত হয়। আলীগড় মুসলিম বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর, প্রো-ভাইস চ্যান্সেলর ছাড়াও ভারতের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের খ্যাতিমান অধ্যাপক, ফ্যাকাল্টি মেম্বর ও রিসার্চ-স্কলারবন্দ এতে উপস্থিত ছিলেন। ড. মোঃ নাসির এর এই অবদানের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য তাকে বিশেষভাবে অভিনন্দন জানান।

উল্লেখ্য, গত বছর সেপ্টেম্বরে শ্রীলংকার রাজধানী কলম্বোতে ও ডিসেম্বরে ভারতের রাজধানী দিল্লীতে অনুষ্ঠিত আন্তর্জাতিক সম্মেলনে জাতীয় বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিভাগের এক শিক্ষক অংশ গ্রহণ করেন এবং শ্রেষ্ঠ প্রবন্ধ পুরস্কার লাভ করেন।

